

Mr. Ajjur Rahman, Assistant teacher from Basirhat Town School wrote a beautiful poem to express his appreciation after attending Vikramshila's training on the E2E programme. Vikramshila has been a technical partner of the RMSA in rolling out the E2E programme in the state. This training was held in December 2016 at ETC, Rajarhat, Kolkata, West Bengal, attended by 73 teachers

বিক্রমশিলার আড়াই দিন

আজিজুর রহমান

বসিরহাট টাউন হাইস্কুল

কালিম্পং থেকে জয়নগর,
শান্তিপুর থেকে বাণীপুর,
হাজার মাইল পথ অতিক্রম করে
আমরা এসেছি।
মাত্র আড়াই দিন বড়জোর বিশ ঘণ্টা।
কি শিখেছি জানিনা, -
তবে হ্যাঁ, জানতে পারলাম -
শিক্ষক মানে 'A for Apple, B for Bat' নয়।
শিক্ষক মানে দ্বিঘাত সমীকরণ -
ব্ল্যাকবোর্ডে খস খস, নে টুকে নে ! তা নয়।
শিক্ষক মানে আবদ্ধ জলাশয়ে -
স্পাইরোগাইরা কিংবা ছত্রাক হয়ে বেঁচে থাকা নয়।
শিক্ষক মানে এই আড়াই দিন, খাটুনি(অল্প), অল্প ঝাঁকুনি।।
শিক্ষক মানে ' কাশেমের ঘুমন্ত বিবেক জাগানো ' ।
শিক্ষক মানে ধ্রুবতারা -
শিক্ষক মানে জীবন সন্ধিক্ষণের পথ দেখানো।
শিক্ষক মানে পারদর্শিতার খোঁজ।
কেউ বা আট বছর কেউ বা আঠারো
৯.০৯ এর আপ হাসনাবাদ আর ৪.২০ ডাউন
বয়ে চলা নিত্যবহ নদীর মত শিক্ষকতার জীবন।
কোথাও যেন মৃয়মান প্রত্যক্ষণের নজর, - মাত্র এই আড়াই দিন।
বিক্রমশিলার তিন রত্না - ছুয়ে গেল মন - তাদের দক্ষ প্রশিক্ষণ।
নতুন উদ্দীপনা, কচি-কাঁচাদের জানা - তাদের ভবিষ্যৎ পরিকল্পনা,
অঙ্গীকার করি আজ অপরাহ্নে - প্রত্যেক তরী পাবে তার কুল,
কেউ হবে না দিশাহারা।
আমরা রইব লাইটহাউসের মস্তকে, তাদের দিয়ে যাব আলোর দিশা,
কিংবা কখনো স্বপ্নের ফেরিওয়ালা।
কী হতে চাও? কী হতে চাও? বলে ফেল দেখি,
ফস করে নাড়িটা টিপি।
সাইকোমেট্রিক অথবা অন্য কোন কলকজা।
যদি দেখি উর্বর ভূমি রুয়ে দাও স্বপ্নের চারা।
বিক্রমশিলা তুমি এস আবার নতুন আঙ্গিকে
পাঠিও আবার কোন দ্বিরত্না।।